# পবিত্র বাইবেল পরিচিতি ও পর্যালোচনা

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় - বৈপরীত্য

রচয়িতা/সঙ্কলকঃ ড. খোন্দকার আব্দুল্লাহ জাহাঙ্গীর (রহ.)

## ৩. ৭. ৫. ফেরেশতা একজন না দু'জন ছিলেন?

মথি ও মার্ক নিশ্চিত করেছেন যে, মহিলারা একজন ফেরেশতাকে দেখতে পান এবং একজনই তাদের সাথে কথা বলেন। পক্ষান্তরে লূক নিশ্চিত করেছেন যে, দু'জন ফেরেশতাকে তাঁরা দেখেন এবং দুজন তাঁদের সাথে কথা বলেন। যোহনও দুজন স্বর্গদূতের কথা লেখেছেন। তিনি লেখেছেন যে, মরিয়ম কবর খোলা দেখে ছুটে এসে শিষ্যদের খবর দেন। শিষ্যরা কবরে প্রবেশ করে যীশুকে না পেয়ে তাঁর জীবিত হওয়ার বিষয়টা বিশ্বাস করে ফিরে যান। মরিয়ম কবরের বাইরে দাঁড়িয়ে কাঁদতে থাকেন। তখন তিনি "কাঁদতে কাঁদতে নীচু হয়ে কবরের ভিতরে চেয়ে দেখলেন, যীশুর দেহ যেখানে শোয়ানো ছিল সেখানে সাদা কাপড় পরা দু'জন ফেরেশতা বসে আছেন। একজন মাথার দিকে আর অন্যজন পায়ের দিকে।" (যোহন ২০/১১-১২)

Source — https://www.hadithbd.com/books/link/?id=14067

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন